যুগান্তর

তারিখ ১০ AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ১

পিস স্কুল বন্ধে আইজিপি বিভাগীয় কমিশনার ও ডিসিদের চিঠি

যুগান্তর রিপোর্ট

সারা দেশে গজিয়ে ওঠা পিস স্কুলগুলো বন্ধ করে দিতে পুলিশ মহাপরিদর্শককে (আইজিপি) চিঠি দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এ বিষয়ে পদক্ষেপ নিতে একইসঙ্গে সব বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককেও চিঠি দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের অনুরোধের পরিপ্রেক্ষিতে এ পদক্ষেপ নেয়া হয়েছে। ঢাকার দুটি অনুমোদিত পিস কলেজের ব্যাপারে পরবর্তী ব্যবস্থা নিতে মঙ্গলবার

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

পিস স্কুল বন্ধে চিঠি

(৩য় পৃষ্ঠার পর)

শিক্ষা মন্ত্রণালয়ে সুপারিশ পাঠিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, কয়েকদিন আগে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব উম্মে সালমা তানজিয়ার স্বাক্ষরে আইজিপি, বিভাগীয় কমিশনার ও ডিসিদের চিঠি দেয়া হয়। এতে বলা হয়, 'পিস স্কুলগুলো সরকার কর্তৃক অনুমোদনপ্রাপ্ত নয়। শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনবিহীন পিস ইন্টারন্যাশনাল স্কুলগুলো অবিলম্বে বন্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।'

২৮ জুলাই শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের প্যাডে অনুমোদনহীন এসব স্কুল বন্ধ করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের কাছে চিঠি লেখা হয়েছিল। তাতে উল্লিখিত নির্দেশনা ও অনুরোধ করা হয়। একইসঙ্গে ওইদিন পিস স্কুল বন্ধে শিক্ষা মন্ত্রণালয় থেকে নির্দেশনা দেয়া হয়। বিভিন্ন স্থান থেকে খবর পাওয়া গেছে, মন্ত্রণালয়ের এমন নির্দেশনার পরও এসব স্কুল বন্ধ হয়নি। বেশির ভাগ জায়গায় স্কুল সাময়িক বন্ধ রেখে পুনরায় চালুর নানা ফন্দিফিকির করা হচ্ছে। এমনকি ভিন্ন নামে আবার চালুর ঘোষণাও দিয়েছে কেউ কেউ। এমতাবস্থায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এ আদেশে এসব প্রতিষ্ঠান কার্যকরভাবে বন্ধের পথ খুলল বলে মনে করেন সংশ্লিষ্টরা।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান মঙ্গলবার রাতে যুগান্তরকে বলেন, ঢাকায় দুটি 'পিস' শব্দযুক্ত কলেজ আমাদের অনুমোদন পাওয়া ছিল। এসব প্রতিষ্ঠানের কাছে আমরা তথ্য চেয়েছিলাম। তারা কিছু তথ্য দিয়েছে। তিনি বলেন, 'আমরা এসব কলেজের ব্যাপারে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে চিঠি পাঠিয়েছি।'